# বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
## কোম্পানি সচিবালয়
## বোর্ড উপবিভাগ
## বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫

বিষয় : জুন, ২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার স্থান : বাপেক্স বোর্ড রুম

তারিখ ও সময় : ২৪ জুন, ২০২৪ দুপুর ১২.০০ টায়

সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | জিওবি অর্থায়নে প্রকল্প গ্রহণ | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করা হবে। এছাড়া "৪টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (শাহবাজপুর-৫, ৭ এবং ভোলা নর্থ-৩, ৪) এবং ১টি অনুসন্ধান কূপ (শাহবাজপুর নর্থ ইস্ট-১) খনন" শীর্ষক প্রকল্পের DPP পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে যা বর্তমানে অর্থ বিভাগে রয়েছে।<br><br>তিনি আরো জানান যে, অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয়ের বিষয়ে খনন বিভাগসহ বিভিন্ন প্রকল্পে পত্র দেওয়া হয়েছে। এ বিষয়ে ব্যয় প্রাক্কলন পাওয়া গেলে কার্যপত্র প্রস্তুত করে পর্ষদ সভায় উপস্থাপন করা হবে।<br><br>এ পর্যায়ে ড্রিলিং সুপারিনটেন্ডেন্ট জনাব মোঃ আনিছুর রহমান বলেন যে, জামালপুর-১ এর খনন মালামালের তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন এবং শেভরণ বাংলাদেশ এর নিকট পত্র প্রেরণের মাধ্যমে তাদের মালামালের তালিকা সংগ্রহ করার পরামর্শ প্রদান করেন। | (ক) "বেগমগঞ্জ-৫ ও ৬ এবং সুনেত্র-২ কূপ খনন" প্রকল্পের ডিপিপি পরবর্তী পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) DPP দ্রুত অনুমোদনের লক্ষ্যে পেট্রোবাংলা, মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(গ) অস্থায়ী শ্রমিক খাতের ব্যয় ডিপিপিতে অন্তর্ভুক্ত না করে কোম্পানির রাজস্ব বাজেট হতে ব্যয়ের বিষয়টি পরবর্তী পর্ষদ সভায় কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(ঘ) জামালপুর-১ কূপ খননের জন্য মালামালের তালিকা দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক এবং প্রকল্প ব্যবস্থাপক |
| ২ | বাপেক্সের ওয়ার্কওভার কাজের শিডিউল নির্ধারণ | ড্রিলিং সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আনিছুর রহমান সভায় জানান যে, তিতাস ১৩ ও ১৫ কূপে ওয়ার্কওভার কাজের জন্য একটি কমিটির মাধ্যমে মালামালের তালিকা প্রস্তুত করা হচ্ছে।<br><br>মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) সভায় জানান যে, এ সংক্রান্ত কমিটি শ্রীকাইল-৪ এবং ফেঞ্চুগঞ্জ-৪ কূপে ডুয়েল কমপ্লিশন করার সুপারিশ করেছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সের পূর্বের অভিজ্ঞতা কাজে লাগিয়ে দ্রততম সময়ের মধ্যে ডুয়েল কমপ্লিশন করার জন্য পরামর্শ প্রদান করেন।<br><br>মহাব্যবস্থাপক (নির্মাণ) প্রকৌশলী এস এম কামরুজ্জামান জানান যে, কসবায় গুদাম তৈরীর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। গুদামের জন্য নির্ধারিত জায়গা অধিগ্রহণের অর্থ আগামী মাসে পরিশোধ করা হবে। আগামী ১৫ জুলাই ২০২৪ এর মধ্যে দরপত্র আহবান করা হবে। এ পর্যায়ে | (ক) তিতাস ১৫ ও ১৩ ওয়ার্কওভার কাজের জন্য দ্রুত সময়ের মধ্যে মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(খ) ডুয়েল কমপ্লিশন করার জন্য দ্রুত মালামাল ক্রয় সম্পন্ন করতে হবে।<br>(গ) দ্রুততম সময়ের মধ্যে কসবায় গুদাম তৈরি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপনা পরিচালক দ্রুততম সময়ের মধ্যে কসবায় গুদাম তৈরি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) সভায় জানান যে, ডিপিপি শীঘ্রই ECNEC সভায় উপস্থাপন হওয়ার সম্ভাবনা রয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) ডিপিপি অনুমোদন ত্বরান্বিত করার লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২।প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা ও মনপুরা এলাকায় ৩ডি সাইসমিক জরিপ কার্যক্রম সংক্রান্ত | উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) বেগম সাবিহা আক্তার খানম জানান যে, ৩ডি সাইসমিক জরিপের বিষয়ে Russia কারিগরি প্রস্তাব দিয়েছে। তিনি চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব বোর্ডে উপস্থাপনের জন্য কার্যক্রম চলমান আছে।<br><br>মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জনাব হাওলাদার ওহিদুল ইসলাম জানান যে, ভারতের একটি প্রতিষ্ঠান যার প্রধান কার্যালয় সুইজারল্যান্ড বাপেক্সের ১৫ নম্বর ব্লকে Hill Area-তে Air Bond Analysis করে গ্যাস অনুসন্ধানের আগ্রহ প্রকাশ করেছে। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে বোর্ডে একটি কার্যপত্র উপস্থাপনের নির্দেশ দেন।<br><br>আলোচনার এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব মোঃ মশিউর রহমান Work Association এর বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে বাপেক্সের সফটওয়্যার আপডেট করার প্রস্তাব করলে ব্যবস্থাপনা পরিচালক যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে রাজস্ব খাত থেকে ক্রয় কার্য সম্পাদন করে সফটওয়্যার আপডেট করার নির্দেশনা প্রদান করেন। | (ক) চরফ্যাশন, মনপুরা ও জাহাজমারা এলাকায় ১৯৩০ বর্গ কি. মি. এবং সুবর্ণচর এলাকায় ১০০০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে পরিচালনার জন্য ২টি পৃথক প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে বোর্ডে উপস্থাপন করতে হবে।<br>(খ) বাপেক্সের ১৫ নম্বর ব্লকে Hill Area-তে Air Bond Analysis করে গ্যাস অনুসন্ধানের বিষয়ে বোর্ডে কার্যপত্র উপস্থাপন করতে হবে।<br>(গ) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সফটওয়্যার আপডেট করার ব্যবস্থা গ্রহ্যণ করতে হবে। | ২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| ৫ | অকেজো মালামাল Condemn ঘোষণার কার্যক্রম সংক্রান্ত | মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, অকেজো মালামাল সম্পর্কিত প্রতিবেদন ইতোমধ্যে দাখিল করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক পরবর্তী পর্ষদ সভায় অকেজো মালামাল সংক্রান্ত কার্যপত্র উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ক) পরবর্তী পর্ষদ সভায় অকেজো মালামাল সংক্রান্ত কার্যপত্র উপস্থাপন করা হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রশাসন) ও আহবায়ক, অকেজো ঘোষণা কমিটি |
| ৬ | ১টি Drilling Rig ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-২ কর্তৃক ১২ মে ২০২৪ তারিখে প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৬৯,০৭৬.০০ লক্ষ টাকার মধ্যে ডিওবি "উন্নয়ন ঋণ" হিসেবে ৬২,১৬৮.০০ লক্ষ টাকা এবং প্রাক্কলিত ব্যয়ের অবশিষ্ট ৬,৯০৮.০০ লক্ষ টাকা সংস্থার/বাপেক্সের নিজস্ব অর্থয়নে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ১০০০ হর্স পাওয়ারের একটি রিগ ক্রয়ের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের আগ্রহের বিষয়টি সভায় তুলে ধরেন। ১০০০ হর্স পাওয়ারের একটি রিগ ক্রয়ের নিমিত্তে Specifications তৈরি করার জন্য মহাব্যবস্থাপক (প্রকৌশল) কে নির্দেশনা প্রদান করেন। | ক) মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>খ) ১০০০ হর্স পাওয়ারের একটি রিগ ক্রয়ের নিমিত্তে Specifications প্রস্তুত করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৭ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, প্রকল্পের অর্থায়নের প্রকৃতি নির্ধারণের জন্য DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার নির্দেশনা দেন। | ক) DPP অনুমোদনের জন্য পেট্রোবাংলা এবং মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৮ | বাপেক্স ভবনে Central AC স্থাপন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, একটি প্রতিষ্ঠানের সাথে Central AC স্থাপনের বিষয়ে যোগাযোগ করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে একটি রিপোর্ট নেয়ার পরামর্শ প্রদান করেন। তিনি বাপেক্সে সকল AC ২৫ ডিগ্রি তাপমাত্রায় পরামর্শ প্রদান করেন। | (ক) Central AC স্থাপন করে এমন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>(খ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ৯ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) জানান যে, অডিট আপত্তিসমূহের জবাবসহ পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপনের জন্য একটি খসড়া কার্যপত্র প্রস্তুত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। তিনি মহাব্যবস্থাপকগণকে নিজ বিভাগের অডিট আপত্তির জবাবগুলো প্রস্তুতের কাজে সহযোগীতা করার পরামর্শ প্রদান করেন। | ক) অডিট আপত্তিসমূহের নিষ্পত্তির বিষয়ে একটি কার্যপত্র প্রস্তুত রাখতে হবে।<br>খ) আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সার্বক্ষণিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ১০ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, নতুন অর্গানোগ্রাম তৈরির কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক আগামী জুলাই ২০২৪ এর মধ্যে একটি যুগোপযোগী অর্গানোগ্রাম প্রণয়ন করার নির্দেশনা প্রদান করেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) কে অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যপত্র প্রস্তুত করার নির্দেশনা প্রদান করেন। | (ক) ৩১ জুলাই, ২০২৪ এর মধ্যে একটি যুগোপযোগী অর্গানোগ্রাম প্রণয়ন করতে হবে।<br>(খ) কমিটির দাখিলকৃত অর্গানোগ্রাম বোর্ডে উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি।<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ১১ | APA সংক্রান্ত কার্যক্রম | APA টিম লিডার ও মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, এপিএ সংক্রান্ত কার্যক্রমের সার্বিক অগ্রগতি এখন পর্যন্ত সন্তোষজনক। তবে, বেগমগঞ্জ-৪ কূপ খনন কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করাই একটু চ্যালেঞ্জিং বলেও সভাকে অবহিত করেন তিনি।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক প্রমাণক প্রস্তুত করার নির্দেশনা দেন এবং প্রমাণকের জন্য APA তে নম্বর যেন না কমে সে ব্যাপারে সজাগ দৃষ্টি রাখার পরামর্শ প্রদান করেন। | ক) সংশ্লিষ্ট সকলকে APA-সংক্রান্ত প্রমাণক প্রস্তুত করতে হবে।<br>খ) APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে দায়িত্ব সচেতন হতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) ও আহবায়ক, এপিএ কমিটি |
| ১২ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, বাপেক্সের গ্যাস ফিল্ডগুলোতে অগ্নিমহড়া আয়োজন করলে কর্মকর্তা কর্মচারিগণ ফিল্ডের নিরাপত্তা নিশ্চিত করতে সম্ভব হবে। ব্যবস্থাপনা পরিচালক গ্যাস ফিল্ডগুলোতে মহড়া আয়োজন করা যায় কিনা তা খতিয়ে দেখার পরামর্শ প্রদান করেন। | ১। প্রধান কার্যালয়সহ বিভিন্ন প্রকল্প ও স্থাপনার নিরাপত্তা জোড়দার করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেইফটি এন্ড এনভায়রনমেন্ট)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩ | বিবিধ: | ১। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের লাইসেন্স প্রাপ্তির জন্য আগামী জুলাইয়ে থাইল্যান্ডে প্রেরণ করা হবে।<br>এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (অর্থ) জনাব এস. এম সোনা উল্লাহ বিদেশে ট্রেনিং এর ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের বর্তমান নিষেধাজ্ঞার কথা অবহিত করলে ব্যবস্থাপনা পরিচালক লাইসেন্স প্রাপ্তি বা সার্টিফিকেট প্রাপ্তি বিষয়ে উল্লেখ করার পরামর্শ প্রদান করেন।<br>২। ব্যবস্থাপনা পরিচালক বিভিন্ন দপ্তরের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বর্তমান অর্গানোগ্রাম অনুযায়ী মহাব্যবস্থাপকগণের জন্য একজন করে সমন্বয় কর্মকর্তার পদায়ন করার নির্দেশনা প্রদান করেন। | ১) নতুন যোগদানকৃত ট্রেইনি ড্রিলারদের IWCF (International Well Control Forum) কোর্স সম্পন্ন করে লাইসেন্স প্রাপ্তি নিশ্চিত করতে হবে।<br>২) অর্গানোগ্রাম অনুযায়ী সকল মহাব্যবস্থাপকগণের জন্য একজন করে সমন্বয় কর্মকর্তা দ্রুত পদায়ন করতে হবে। | ১) মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (খনন) |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শোয়েব 07/07/24
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:
১) মহাব্যবস্থাপক ........................................................................, বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ....................................................................., বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্য বস্থাপক.............................................., বাপেক্স।
৪) অফিস কপি।